হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়
অস্থায়ী ক্যাম্পাসঃ ভাদৈ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ-৩৩০০
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
https://hau.ac.bd
prp@hau.ac.bd

# শোক বার্তা

হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয় গভীর শোক ও দুঃখের সঙ্গে জানাচ্ছে যে, কাতারের সাবেক আমির, আধুনিক কাতার রাষ্ট্রের অন্যতম স্থপতি এবং আন্তর্জাতিক অঙ্গনের প্রখ্যাত রাষ্ট্রনায়ক শেখ হামাদ বিন খলিফা আল থানি গত ১২ জুলাই (রবিবার) স্থানীয় সময় ভোরে ৭৪ বছর বয়সে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। কাতারের আমিরি দিওয়ান তাঁর মৃত্যুর সংবাদ আনুষ্ঠানিকভাবে ঘোষণা করে।

শেখ হামাদ বিন খলিফা আল থানি ১৯৯৫ থেকে ২০১৩ সাল পর্যন্ত কাতারের আমির হিসেবে দায়িত্ব পালন করেন। আধুনিক কাতারের রূপান্তরের অন্যতম রূপকার, দূরদর্শী রাষ্ট্রনায়ক এবং বাংলাদেশ ও প্রবাসী বাংলাদেশিদের অকৃত্রিম বন্ধু হিসেবে তাঁর অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে। তাঁর প্রজ্ঞা, নেতৃত্ব ও মানবকল্যাণমূলক কর্মকাণ্ড বিশ্ববাসীর কাছে শ্রদ্ধার সঙ্গে স্মরণীয় থাকবে।

হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে মরহুমের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করা হচ্ছে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবার, কাতারের রাজপরিবার ও দেশটির জনগণের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করা হচ্ছে।

২৫/০৭/২০২৬

সহকারী পরিচালক
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়

CamScanner